# সমাজকর্ম প্রথম পত্র

## একাদশ-দ্বাদশ শ্রেণি


### সমাজকর্ম প্রথম পত্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ অধ্যায়

(স্টার [ * ] চিহ্ন দ্বারা গুরুত্বের পরিমাণ বুঝানো হয়েছে।)

| স্টার মার্ক | অধ্যায় |
|---|---|
| ***** | দ্বিতীয় ও ষষ্ঠ |
| *** | প্রথম, তৃতীয় ও অষ্টম |
| * | চতুর্থ, পঞ্চম ও সপ্তম |

# প্রথম অধ্যায়: সমাজকর্ম-প্রকৃতি ও পরিধি

পেশাদার সমাজকর্মের মূল উৎস স্বেচ্ছাসেবী সমাজসেবা কার্যক্রম ও স্বেচ্ছাসেবী আন্দোলনের মধ্যে নিহিত। শিল্প বিপ্লব সমাজে ব্যাপক পরিবর্তন বয়ে আনে। শিল্প বিপ্লবের পর সমাজ জটিল আকার ধারণ করে। জটিল সমাজের বহুমুখী সমস্যা মোকাবেলায় স্বেচ্ছাসেবীদের প্রচেষ্টা অপর্যাপ্ত ও অকার্যকর হওয়ার পরিপ্রেক্ষিতে পেশাদার সমাজকর্মের প্রয়োজন দেখা দেয়।




## সমাজকর্মের প্রকৃতি ও বৈশিষ্ট্য

- ▷ এটি একধারে পেশা এবং পাঠ্যবিষয়।
- ▷ সমাজকর্ম একটি পেশাগত কার্যক্রম।
- ▷ মূল্যবোধ প্রভাবিত পেশা।
- ▷ সমাজকর্ম সামগ্রিক দৃষ্টিকোণ হতে ব্যক্তিকে বিচার করে।
- ▷ একাধারে কলা, বিজ্ঞান ও পেশা।
- ▷ তাত্ত্বিক ও ব্যবহারিক পরিচালিত শিক্ষার সমন্বয়ে।
- ▷ সমাজকর্ম হলো পদ্ধতিগত সমস্যা সমাধান প্রক্রিয়া।
- ▷ সমাজকর্মের মূল বিবেচ্য বিষয় মানুষের সামাজিক সম্পর্ক ও সামাজিক মিথস্ক্রিয়া।
- ▷ সমাজকর্ম একটি বহুমুখী অর্থাৎ বহুখাতভিত্তিক মানবিক পেশা।
- ▷ পেশা হিসেবে সমাজকর্ম ব্যক্তি এবং পরিবেশের প্রতি গুরুত্বারোপ করে।

## আরো জানতে হবে

- 'সমাজকর্ম বহুমুখী পেশা' বলেছেন- মোরেলস্ এবং শেফর।
- সমাজকর্মের পরিধি বলতে বোঝায়- সমাজকর্ম অনুশীলন বা প্রয়োগ ক্ষেত্রকে।
- সমাজকর্মের জনক- জেন অ্যাডামস।
- সমাজকর্ম হলো- ব্যবহারিক বিজ্ঞান।
- সমাজকল্যাণ যে ধরনের বিজ্ঞান- সামাজিক বিজ্ঞান।
- সমাজকল্যাণ সমস্যা সমাধান করার জন্য কোন নীতি অনুসরণ করে- গণতান্ত্রিক নীতি।
- সমাজকর্ম শিক্ষার জনক- অ্যানা এলডস।
- উন্নয়নের পূর্বশর্ত- পরিকল্পনা।
- আধুনিক সমাজকল্যাণ কার্যক্রম পরিচালিত- স্বাবলম্বন নীতির ভিত্তিতে।
- আধুনিক সমাজকল্যাণের প্রধান খাত- মানবসম্পদ উন্নয়ন।
- VGF এর পূর্ণরূপ- Vulnerable Group Feeding.
- আধুনিক সমাজকল্যাণের সূত্রপাত হয়- ইংল্যান্ডে।
- সামাজিক পরিবর্তন বলতে বোঝায়- সমাজের রূপান্তরকে।

## অনুশীলনী

**01. 'সমাজকর্ম হলো মানবীয় সম্পর্ক বিষয়ক বৈজ্ঞানিক জ্ঞান ও দক্ষতাবিষয়ক পেশা।'- সংজ্ঞাটি কে দিয়েছেন?**
A. W.A. Friedlander
B. Morales and Sheafor
C. R.A. Skidmore and M.G Thackery
D. Herbert

**02. সামাজিক ভূমিকা পালন, ক্ষমতা উন্নয়ন, পুনরুদ্ধার, সংরক্ষণ এবং শক্তিশালীকরণে নিম্নোক্ত কোন বিষয়টি কার্যকর ভূমিকা পালন করে-**
A. সমাজবিজ্ঞান B. মনোবিজ্ঞান
C. জনবিজ্ঞান D. সমাজকর্ম

**03. সমাজকর্মকে কলা ও বিজ্ঞান হিসেবে অভিহিত করেছেন কে?**
A. ওয়াল্টার ও ফ্রিডল্যান্ডার B. মরেলস ও শেফর
C. রবার্ট এল বার্কার D. স্কিডমোর ও থ্যাকারি

**04. সমাজকল্যাণ ও সমাজ উন্নয়ন-**
A. অভিন্ন B. ভিন্ন
C. পরস্পর সম্পর্কিত D. অপ্রাসঙ্গিক

**05. নারীশিক্ষা ও শিশুমৃত্যু প্রধানত কিসের উপাদান-**
A. সমাজকল্যাণের B. সমাজ উন্নয়নের
C. সমাজকর্মের D. নারী উন্নয়নের

**উত্তরমালা**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | A | 02 | D | 03 | D | 04 | C | 05 | B |



CamScanner

06. সমাজকল্যাণ ও সমাজকর্ম প্রায়োগিক দিক থেকে-
A. সমার্থক
B. প্রায় সমার্থক
C. ভিন্ন
D. পরস্পরসম্পর্কহীন

07. সামাজিক পরিবর্তনের সঙ্গে অধিকতর যুক্ত আছে-
A. উন্নয়ন
B. নানামুখ সমস্যা
C. অভিযোজন সমস্যা
D. কোনোটিই নয়

08. সমাজসেবক ও সমাজ সংস্কারক-
A. প্রকৃত অর্থে ভিন্ন
B. প্রকৃতই পৃথক
C. প্রায় সমার্থক
D. সমার্থক নয়

09. সমাজকল্যাণ ও সমাজকর্মের মধ্যে পার্থক্য হচ্ছে-
A. প্রক্রিয়াগত
B. উদ্দেশ্যগত
C. আদর্শগত
D. কোনোটিই নয়

10. সামাজিক আইনের বৈশিষ্ট্য হচ্ছে-
A. সমাজকল্যাণমূলক
B. সমাজ উন্নয়নমূলক
C. সমাজে শৃঙ্খলা বজায় রাখতে সহায়তা করা
D. সমাজে সৃষ্ট সমস্যার মোকাবেলা

11. সামাজিক বিমা নিম্নের কোন প্রত্যয়ের সাথে সংশ্লিষ্ট?
A. সামাজিক নিরাপত্তা
B. সামাজিক উন্নয়ন
C. সামাজিক আইন
D. সমাজ সংস্কার

12. সমাজকল্যাণ প্রত্যয়টি গঠিত হয়েছে কোন দুটি শব্দের সমন্বয়ে?
A. সমাজ ও কল্যাণ
B. রাষ্ট্র ও সমাজ
C. মানুষ ও সমাজ
D. রাষ্ট্র ও কল্যাণ

13. সমাজকল্যাণ কোন ধরনের বিজ্ঞান?
A. প্রাকৃতিক
B. সামাজিক
C. ফলিত
D. মৌলিক

14. শিল্প বিপ্লব কখন হয়?
A. সপ্তদশ শতাব্দীতে
B. অষ্টাদশ শতাব্দীতে
C. উনবিংশ শতাব্দীতে
D. ষোড়শ শতাব্দীতে

15. আধুনিক সমাজকল্যাণ আবির্ভাব ঘটে কখন?
A. দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে
B. দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে
C. শিল্প বিপ্লবের আগে
D. শিল্প বিপ্লবের পরে

16. সমাজকল্যাণ অধিক গ্রহণযোগ্য সংজ্ঞাটি কার?
A. জি.উইলসনের
B. ডব্লিউ এ ফ্রিডল্যান্ডারের
C. জেমস মিডলের
D. সমাজকর্ম অভিধানের

17. সামাজিক পরিবর্তন কত প্রকার?
A. ২
B. ৩
C. ৪
D. ৫

18. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের প্রধান অন্তরায় কি?
A. রাজনৈতিক অস্থিতিশীলতা
B. নিরক্ষরতা
C. দরিদ্রতা
D. দ্রুত জনসংখ্যা বৃদ্ধি

19. সামাজিক পরিবর্তন বলতে কি বোঝায়?
A. সমাজের রূপান্তরকে
B. সামাজিক কাঠামোকে
C. সামাজিক বিশৃঙ্খলাকে
D. অসামাজিক মূল্যবোধকে

20. ইংল্যান্ডে সমাজ সংস্কার আন্দোলন হয় কখন?
A. ষোড়শ শতাব্দী
B. সপ্তদশ শতাব্দী
C. অষ্টাদশ শতাব্দী
D. উনবিংশ শতাব্দী

21. বাংলাদেশে শিশু আইন কত সালে হয়?
A. ১৯৭৭
B. ১৯৭৪
C. ১৯৮৪
D. ১৯৭৬

22. আধুনিক সমাজকর্ম কোন ধরনের কার্যক্রমের ওপর বেশি জোর দেয়?
A. প্রতিশোধমূলক
B. সংশোধনমূলক
C. উন্নয়নমূলক
D. প্রতিকারমূলক

23. বাংলাদেশে কিশোরী সংশোধনী প্রতিষ্ঠান কতটি?
A. একটি
B. দুইটি
C. চারটি
D. তিনটি

24. বাংলাদেশে কিশোরী সংশোধনী প্রতিষ্ঠান কোথায়-
A. গাজীপুরে
B. ঢাকায়
C. রাজশাহীতে
D. সিলেটে

**উত্তরমালা**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 06 | C | 07 | A | 08 | D | 09 | A | 10 | C |
| 11 | A | 12 | A | 13 | B | 14 | B | 15 | D |
| 16 | B | 17 | A | 18 | D | 19 | A | 20 | D |
| 21 | B | 22 | B | 23 | A | 24 | A | | |

# দ্বিতীয় অধ্যায়: সমাজকর্ম পেশার ঐতিহাসিক প্রেক্ষাপট

পেশাদার সমাজকর্মের বিকাশে চতুর্দশ শতক হতে ইংল্যান্ডে প্রণীত দরিদ্র আইনগুলো বিশেষ ভূমিকা পালন করে। ১৬০১ সালের এলিজাবেথীয় দরিদ্র আইন, ইংল্যান্ড তথা সারাবিশ্বে দরিদ্রদের কল্যাণে গৃহীত প্রথম পরিকল্পিত আইনগত পদক্ষেপ।

## এলিজাবেথীয় দরিদ্র আইন ১৬০১



এলিজাবেথ

১৩৪৯ সালে রাজা তৃতীয় এডওয়ার্ড প্রণীত ইংল্যান্ডের প্রথম দরিদ্র আইন থেকে ১৫৯৭ সাল পর্যন্ত প্রণীত আইনগুলো বিশ্লেষণ ও পর্যালোচনা করে ১৬০১ সালে ইংল্যান্ডের পার্লামেন্টে একটি নতুন আইন পাস হয়। এটিই বিখ্যাত 'এলিজাবেথীয় দরিদ্র আইন ১৬০১' নামে পরিচিত।

### এলিজাবেথীয় দরিদ্র আইন

এলিজাবেথীয় দরিদ্র আইনগুলো তিনটি নীতির ভিত্তিতে প্রণীত হয়েছিল। নীতিগুলো হলো-


- দরিদ্রদের প্রতি রাষ্ট্রীয় দায়িত্ব।
- রাষ্ট্রীয় দায়িত্ব সেসব দরিদ্রদের সাহায্যের মধ্যে সীমিত রাখা যারা নিজ দায়িত্ব বহনে অক্ষম।
- স্থানীয় পর্যায়ে সমাজকল্যাণ প্রশাসন পরিচালনা করে।

## ১৬০১ দরিদ্র আইনের বিধান

১৬০১ সালের দরিদ্র আইনের বিধান মোতাবেক দরিদ্র ও ভবঘুরেদের তিন শ্রেণিতে ভাগ করে পৃথক সাহায্যদানের ব্যবস্থা করা হয়-

| | |
|---|---|
| সক্ষম দরিদ্র | ➢ সবল ও কর্মক্ষম ভিক্ষুকদের সক্ষম দরিদ্র বলা হতো।<br>➢ সক্ষম দরিদ্রদের ভিক্ষাদান স্থানান্তর কঠোরভাবে নিষিদ্ধ করা হয়। |
| অক্ষম দরিদ্র | ➢ অক্ষম দরিদ্র বলতে বৃদ্ধ, অসুস্থ, অন্ধ, বিকলাঙ্গ প্রভৃতি শ্রেণির কর্মে অক্ষম দরিদ্রদের বোঝানো হতো।<br>➢ অক্ষম দরিদ্রদের ভিক্ষাদান স্থানান্তর কঠোরভাবে নিষিদ্ধ করা হয়। |
| নির্ভরশীল বালক-বালিকা | ➢ এতিম, পরিত্যক্ত ও অক্ষম পিতা-মাতার সন্তানদের নির্ভরশীল বালক-বালিকা হিসেবে গণ্য করা হতো। |

## দরিদ্র আইন সংস্কার ১৮৩৪



**ফ্রিডল্যান্ডারের মন্তব্য**

১৮৩৪ সালের দরিদ্র আইন সংস্কারের কঠোরতার সমালোচনা করে ডব্লিউ. এ. ফ্রিডল্যান্ডার বলেছেন, ১৮৩৪ সালের দরিদ্র আইন সংস্কারের মানে হচ্ছে ১৬০১ সালের এলিজাবেথীয় দরিদ্র আইনের নিষ্ঠুর ও নির্যাতনমূলক প্রয়োগ।

## বিভারিজ রিপোর্ট ১৯৪২



হ্যানরী বিভারিজ

১৯৪১ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধজনিত কারণে সৃষ্ট আর্থ-সামাজিক সমস্যা মোকাবেলায় ইংল্যান্ডের সমাজসেবা কর্মসূচির আমূল সংস্কার সাধন জরুরি হয়ে পড়ে। পার্লামেন্টের সিদ্ধান্ত অনুযায়ী স্যার উইলিয়াম হ্যানরী বিভারিজ এর নেতৃত্বে সামাজিক বীমা ও সংশ্লিষ্ট বিষয়াদির আন্তঃবিভাগীয় কমিটি গঠন করা হয়। পরবর্তীতে বিভারিজের নামানুসারে কমিটিটি খ্যাতি লাভ করে এবং তাঁদের পেশ করা রিপোর্ট **'বিভারিজ রিপোর্ট ১৯৪২'** নামে পরিচিতি পায়।

### অগ্রগতি প্রতিবন্ধকতার পঞ্চ দৈত্য

বিভারিজ রিপোর্টে মানব সমাজের অগ্রগতির প্রধান পাঁচটি অন্তরায় ও প্রতিবন্ধকতা হিসেবে দেখানো হয়েছে। এ পাঁচটি অস্বাভাবিক অবস্থার নেতিবাচক প্রভাবের পরিপ্রেক্ষিতে এগুলোতে পঞ্চ দৈত্য হিসেবে আখ্যায়িত করা হয়। প্রতিবন্ধকতা পাঁচটি হলো-

- অভাব
- রোগ
- অজ্ঞতা
- অস্বাস্থ্যকর পরিবেশ
- অলসতা

### আরো জানতে হবে

- আমেরিকায় সমাজকর্মের প্রথম পেশাগত সংগঠন আমেরিকান এসোসিয়েশন অব সোশ্যাল ওয়ার্কার প্রতিষ্ঠিত হয়- ১৯২৯।
- পেশাদার সমাজকর্মীদের সবচেয়ে বৃহৎ সংগঠন জাতীয় সমাজকর্ম সমিতি (NASW) গঠিত হয়- ১৯৫৫ সালে।
- শিল্পবিপ্লব প্রত্যয়টির নামকরণ করেছিলেন- ঐতিহাসিক অ্যারনল্ড টয়েনবী।
- শিল্পবিপ্লবের সঙ্গে সংশ্লিষ্ট দুটি প্রত্যয় হলো- শিল্পায়ন ও নগরায়ন।
- পেশার অপরিহার্য বৈশিষ্ট্য হলো- পেশাগত সংগঠন।
- সনাতন সমাজকল্যাণ যার ভিত্তিতে পরিচালিত- ধর্মীয় অনুশাসন ও মানব প্রেম।
- সনাতন সমাজকল্যাণ যাদের দ্বারা পরিচালিত- ধর্মীয় প্রতিষ্ঠান।
- Charitas শব্দের অর্থ- মানবপ্রেম।
- দান নির্ভর করে- ব্যক্তির ইচ্ছার ওপর।
- কল্যাণমুখী ইসলামী অর্থনীতির মূল ভিত্তি- যাকাত।
- ইসলাম সমাজব্যবস্থায় দান প্রথার বিশেষ রূপ- সদকা।



CamScanner

## অনুশীলনী

01. সরাইখানা কাদের জন্য প্রতিষ্ঠিত হয়েছিল?
A. যুদ্ধে ক্ষতিগ্রস্তদের জন্য B. বিপদগ্রস্ত পথিকদের জন্য
C. এতিমদের জন্য D. দরিদ্রদের জন্য

02. মূলত বায়তুল মাল বলতে বোঝায়?
A. রাষ্ট্রীয় কোষাগার B. পবিত্রকরণ ও বৃদ্ধি
C. সম্পদের ঘর
D. ইসলাম রাষ্ট্রের রাষ্ট্রীয় কোষাগার

03. আধুনিক সমাজকল্যাণের উৎপত্তি-
A. দানশীলতা B. যাকাত
C. লঙ্গরখানা D. ধর্মগোলা

04. কোনটি সনাতন সমাজকল্যাণের উদাহরণ?
A. যাকাত B. দানশীলতা
C. দেবোত্তর D. সবগুলো

05. সনাতন সমাজকল্যাণ কেমন সাহায্য করে?
A. আর্থিক B. শারীরিক
C. সাংস্কৃতিক D. পারিবারিক

06. আর্তমানবতায় নিয়োজিত সাহায্যদান প্রক্রিয়া কতটি?
A. চারটি B. ছয়টি C. দুইটি D. তিনটি

07. সনাতন সমাজকল্যাণ কখন বেশি প্রচলিত ছিল?
A. শিল্প বিপ্লবের পরে B. শিল্প বিপ্লবের আগে
C. দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে D. দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে

08. আধুনিক সমাজকল্যাণ সমস্যা সমাধানের কেমন ব্যবস্থা গ্রহণ করে?
A. প্রতিকারমূলক B. প্রতিরোধমূলক
C. উন্নয়নমূলক D. সবগুলো

09. ইসলামী বিধান মোতাবেক মানুষের কর্তব্য কয়টি?
A. তিনটি B. চারটি C. পাঁচটি D. দুইটি

10. কল্যাণমুখী ইসলামী অর্থনীতির মূলভিত্তি কী?
A. সদকা B. যাকাত
C. ওয়াক্ফ D. কোনোটিই নয়

11. প্রাচীনতম গণতন্ত্র প্রচলিত আছে-
A. ফ্রান্সে B. ব্রিটেনে
C. যুক্তরাষ্ট্রে D. জার্মানিতে

12. ইংল্যান্ডে শিল্পবিপ্লবের ফলে উপমহাদেশের কোন শিল্প ধ্বংস হয়?
A. বস্ত্রশিল্প B. কুটিরশিল্প
C. কাগজশিল্প D. পাটশিল্প

13. ফরাসি বিপ্লবের সময় ফ্রান্সের রাজা কে ছিলেন?
A. দ্বাদশ লুই B. ষোড়শ লুই
C. নেপোলিয়ন D. ফিলিপস

উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | B | 02 | A | 03 | A | 04 | D | 05 | A |
| 06 | C | 07 | B | 08 | D | 09 | C | 10 | B |
| 11 | B | 12 | B | 13 | B | | | | |

14. কোন দুইজন দার্শনিক লেখনির মাধ্যমে ফরাসি বিপ্লবের অনুপ্রেরণা জুগিয়েছিলেন?
A. প্লেটো ও রুশো B. রুশো ও ভলতেয়ার
C. প্লেটো ও এরিস্টটল D. শেক্সপিয়ার ও ভলতেয়ার

15. ফরাসি বিপ্লবের মতবাদ বা শ্লোগানের প্রবক্তা কে ছিলেন?
A. মোপাসো B. ভলতেয়ার
C. বার্ট্রান্ড রাসেল D. রুশো

16. শহরায়নের সমস্যাসমূহের মধ্যে প্রধান হচ্ছে-
A. বস্তি সমস্যা B. পারিবারিক ভাঙন
C. সামাজিক বিচ্ছিন্নতা D. মাদকাসক্তি

17. নগরায়ণ ও শিল্পায়ন সৃষ্ট সমস্যা-
A. বস্তি B. অপরাধপ্রবণতা
C. অভ্যন্তরীণ মাইগ্রেশন D. পরিবেশগত দুর্যোগ সৃষ্টি

18. 'শিশুদের নিরাপত্তাহীনতা' শিল্পবিপ্লবের কোন ধরনের প্রভাবের ফল?
A. অর্থনৈতিক B. সামাজিক C. রাজনৈতিক D. মনস্তাত্ত্বিক

19. শিল্পবিপ্লব সংঘটিত হয়-
A. ১৭৮০-১৮৫০ B. ১৮৫০-১৯৫০
C. ১৭৬০-১৮৬০ D. ১৮৬০-১৯৬০

20. শিল্পবিপ্লব মানব সভ্যতাকে কয়টি ভাগে ভাগ করেছে?
A. দুইটি B. চারটি C. তিনটি D. পাঁচটি

21. কিসের প্রভাবে মানব সভ্যতায় আমূল পরিবর্তন হয়?
A. দ্বিতীয় বিশ্বযুদ্ধ B. প্রথম বিশ্বযুদ্ধ
C. শিল্পবিপ্লব D. বলশেভিক বিপ্লব

22. শিল্পবিপ্লব কেমন কর্মসংস্থানের সুযোগ তৈরি করে?
A. একমুখী B. বহুমুখী C. দ্বিমুখী D. কোনোটি নয়

23. সমাজ কাঠামোর অবিচ্ছেদ্য উপাদান কি?
A. সামাজিক সংস্কার B. সামাজিক মূল্যবোধ
C. সামাজিক উন্নয়ন D. সামাজিক পরিবর্তন

24. সমাজের মৌলিক প্রতিষ্ঠান কোনটি?
A. সমাজ B. রাষ্ট্র C. পরিবার D. একটিও না

25. শিল্পবিপ্লব সমাজকল্যাণের ধারাকে কয় ভাগে ভাগ করেছে?
A. ২টি B. ৪টি C. ৫টি D. ৩টি

26. যেকোনো পেশার অপরিহার্য উপাদান হলো-
A. অভিজ্ঞতা B. দক্ষতা
C. আনুষ্ঠানিক শিক্ষা D. সবগুলো

27. নগরায়ণের কয়টি উপাদান?
A. ২টি B. ৩টি C. ৬টি D. ৪টি

28. কি ছাড়া নগরায়ণ সম্ভব না?
A. উৎপাদন B. বন্টন C. শিক্ষা D. শিল্পায়ন

উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 14 | B | 15 | D | 16 | A | 17 | A | 18 | B |
| 19 | A | 20 | A | 21 | C | 22 | B | 23 | B |
| 24 | C | 25 | A | 26 | D | 27 | A | 28 | D |



CamScanner

# তৃতীয় অধ্যায়: সমাজকর্মের মূল্যবোধ ও নীতিমালা

বাহ্যিক দিক হতে পেশা এবং বৃত্তিকে সম-অর্থবোধক মনে হলেও উভয়ের মধ্যে সুস্পষ্ট পার্থক্য রয়েছে। পেশার কতগুলো বৈশিষ্ট্য এবং মূল্যবোধ থাকে, যেগুলো এক পেশাকে অন্য পেশা হতে পৃথক সত্তা দান করে। কিন্তু বৃত্তির জন্য উচ্চতর তাত্ত্বিক শিক্ষা এবং ব্যবহারিক প্রশিক্ষণের অপরিহার্যতা নেই।

পেশা বলতে কোন বিশেষ ক্ষেত্রে নির্দিষ্ট বৈশিষ্ট্য, দক্ষতা, নৈপুণ্য এবং বিশেষ জ্ঞানসম্পন্ন বৃত্তিকে বুঝায়। যেমন- উকিলের ওকালতি ইত্যাদি হলো পেশা। অন্যদিকে বৃত্তি বলতে জীবন ধারণের সাধারণ উপায় বা অবলম্বনকেই বুঝানো হয়। যেমন- কুলি, কৃষক জীবনধারণের উপায় ইত্যাদি।



উকিল



কৃষক

## মূল্যবোধের ধারণা এবং ধরন

মূল্যবোধ একটি আপেক্ষিক প্রত্যয়। সমাজকর্ম মূল্যবোধ নির্দেশিত একটি সাহায্যকারী পেশা; মূল্যবোধ নিরপেক্ষ নয়। সমাজকর্ম অনুশীলনে মূল্যবোধের গুরুত্ব প্রসঙ্গে আন্তর্জাতিক সমাজকর্মী ফেডারেশনের মন্তব্য হলো, "সমাজকর্ম হলো *মূল্যবোধ*, তত্ত্ব এবং *অনুশীলন* এ তিনটির আন্তঃসম্পর্কিত একটি ব্যবস্থা"।

*<u>নোট:</u> সমগ্র সমাজ গৃহীত এবং সর্বজনীনভাবে স্বীকৃত মূল্যবোধগুলো হলো মূখ্য মূল্যবোধ।*

## মূল্যবোধের ধরন

| | |
|---|---|
| ব্যক্তিগত মূল্যবোধ | পেশাগত মূল্যবোধ |
| দলীয় মূল্যবোধ | মূখ্য মূল্যবোধ |
| সামাজিক মূল্যবোধ | অভিব্যক্তিসূচক মূল্যবোধ |

## সমাজকর্ম অনুশীলনের মূল্যবোধের ধরণ

অনুশীলনের পরিপ্রেক্ষিতে মূল্যবোধগুলোকে ৩টি দিক হতে আলোচনা করা যায়। যথা-

| | |
|---|---|
| **পরম মূল্যবোধ** | সমাজকর্মে পরম মূল্যবোধের উদাহরণ হলো মানব মর্যদার প্রতি সম্মান প্রদর্শন, সাম্য অর্থাৎ মানুষের মধ্যে বৈষম্য না করা ইত্যাদি। |
| **সুনির্দিষ্ট মূল্যবোধ** | সমাজকর্মে সেবাগ্রহীতার স্বাস্থ্যসেবা, স্বাস্থ্যকর গৃহায়নের অধিকার সংশ্লিষ্ট নীতি, মানসিক চিকিৎসাধীন রোগীর বিশেষ ধরনের চিকিৎসা গ্রহণ না করার অধিকার প্রভৃতি এ জাতীয় মূল্যবোধ। |
| **কর্ম সম্পাদনের উপায় হিসেবে মূল্যবোধ** | সমাজকর্মে এরূপ মূল্যবোধের উদাহরণ হলো- সেবাগ্রহীতার গোপনীয়তা রক্ষার অধিকারের প্রতি সম্মান প্রদর্শন, আত্মনিয়ন্ত্রণ অধিকার ইত্যাদি। |

## অনুশীলনী

**01. মূল্যবোধ কয় প্রকার?**
A. ৫ B. ৩ C. ৪ D. ৫

**02. মূল্যবোধ কোন ধরনের প্রত্যয়?**
A. বস্তুগত B. আপেক্ষিক
C. চূড়ান্ত D. বিমূর্ত

**03. নিচের কোনটি পেশার বৈশিস্ট্য নয়?**
A. পেশাগত সংগঠন B. সামাজিক প্রতিষ্ঠান
C. সুশৃঙ্খল জ্ঞান D. পেশাগত মূল্যবোধ

**04. সমাজকর্ম কোন ধরনের পেশা?**
A. মূল্যবোধ নিরপেক্ষ B. মূল্যবোধ নির্দেশিত
C. দক্ষতা নিরপেক্ষ D. জ্ঞান নিরপেক্ষ

**05. মানব মর্যাদার স্বীকৃতি, সাম্য এগুলো কোন মূল্যবোধের উদাহরণ?**
A. পরম মূল্যবোধ B. সুনির্দিষ্ট মূল্যবোধ
C. কর্মকৌশলগত মূল্যবোধ D. ইনস্ট্রুম্যানটাল মূল্যবোধ

**06. 'দর্শনকে সকল বিজ্ঞানের বিজ্ঞান' কে বলেছেন?**
A. অগাস্ট কোত B. সক্রেটিস C. এরিস্টটল D. ম্যাকাইভার

**07. সামাজিক পরিবেশে মানুষের আচার আচরণের যুক্তিনিষ্ঠ বিশ্লেষণ কে করে-**
A. রাষ্ট্রবিজ্ঞান B. সমাজবিজ্ঞান C. সমাজকল্যাণ D. সবগুলো

**08. সমাজ গঠনের মূল অণু কি-**
A. পরিবার B. ব্যক্তি C. রাষ্ট্র D. সবগুলো

**09. রাষ্ট্রের উপাদান নয়-**
A. জনসমষ্টি B. নির্দিষ্ট ভূখণ্ড
C. সামাজিক ন্যায়বিচার D. সার্বভৌমত্ব

**10. কে সমাজকে welfare of social relationship বলেছেন?**
A. লিনটন B. ম্যাকাইভার C. পেজ D. অগাষ্ট কোঁৎ

| উত্তরমালা | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | B | 02 | B | 03 | B | 04 | B | 05 | A |
| 06 | A | 07 | C | 08 | B | 09 | C | 10 | B |



CamScanner

# চতুর্থ অধ্যায়: সমাজকর্ম সম্পর্কিত প্রত্যয়সমূহ

প্রত্যয় হলো পর্যবেক্ষণকৃত ঘটনা, বস্তু বা অভিজ্ঞতার বিমূর্তরূপ। সমাজকল্যাণ প্রত্যয়ের সঙ্গে সংশ্লিষ্ট দু'টি বিমূর্ত প্রত্যয় হলো সমাজ এবং কল্যাণ। সমাজ বলতে সমস্বার্থ ও উদ্দেশ্য চরিতার্থ করার লক্ষ্যে পারস্পরিক সম্পর্কে আবদ্ধ জনসমষ্টিকে বোঝায়, যাদের মধ্যে উদ্দেশ্য ও লক্ষ্যকে কেন্দ্র করে সামাজিক মিথস্ক্রিয়া সংঘটিত হয়। 'কল্যাণ' ধারণাটি একটি আপেক্ষিক মানসিক অবস্থাকে নির্দেশ করে। অভিধানের ব্যাখ্যানুযায়ী, "সমাজকল্যাণ হলো কোন জনসমষ্টি বা সমাজের সমষ্টিগত কল্যাণকর অবস্থা"।

## ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহ

| | |
|---|---|
| দান | ♦ ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠানগুলোর মধ্যে দান অন্যতম।<br>♦ খ্রিস্টান ধর্মে চ্যারিটি, হিন্দু ধর্মে দান এবং ইসলাম ধর্মে খয়রাত, সাদকাহ প্রভৃতি দান প্রথার প্রকৃষ্ট উদাহরণ। |
| সদ্‌কা | ♦ নিজের অধিকারের উপর অন্যের অধিকারকে প্রাধান্য দিয়ে কোন কিছু দান করার নামই সদ্‌কা।<br>♦ ইসলামের বিধান মোতাবেক মানুষের দু'টি কর্তব্য রয়েছে। স্রষ্টার প্রতি কর্তব্য এবং সৃষ্টির প্রতি কর্তব্য। |
| জাকাত | ♦ আরবি 'জাকাত' শব্দের শাব্দিক অর্থ হলো 'বৃদ্ধি' এবং 'পবিত্রতা'।<br>♦ সমাজে ধন-সম্পদের আবর্তন ও বিস্তার সাধনের লক্ষ্যেই ধনীদের উপর জাকাত ফরজ করা হয়েছে। |
| ধর্মগোলা | ♦ ধর্মগোলা হলো একটি বিশেষ শস্যভাণ্ডার, যাতে মওসুমের সময় স্থানীয় ভিত্তিতে উদ্বৃত্ত শস্য সংগ্রহ করে মজুদ রাখা হতো এবং দুর্ভিক্ষ বা খাদ্যাভাব দেখা দিলে দুর্গতদের মধ্যে তা বিতরণ করা হতো।<br>♦ ধর্মগোলা ভারতীয় উপমহাদেশের অন্যতম সনাতন সমাজকল্যাণ প্রতিষ্ঠান।<br>♦ দুর্ভিক্ষ ও আপতকালীন সময়ে অনাহারে অকাল মৃত্যু রোধ করাই ছিল ধর্মগোলার মূল লক্ষ্য। |
| সরাইখানা | ♦ ঐতিহ্যগত সমাজকল্যাণের প্রাতিষ্ঠানিক রূপ হলো সরাইখানা।<br>♦ প্রাচীন ও মধ্যযুগের পথিক এবং পর্যটকদের বিনামূল্যে আশ্রয়, খাদ্য, পানীয় সরবরাহের জন্য সরকারি-বেসরকারি উদ্যোগে পরিচালিত সাময়িক আশ্রয় কেন্দ্রকে সরাইখানা বলা হয়। |
| দেবোত্তর | ♦ হিন্দু ধর্মের বিধান অনুযায়ী পাপমোচন, স্বর্গলাভ এবং ভগবানের সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে দেবতা বা কোন নামে কোন হিন্দুর সম্পত্তি আংশিক বা সম্পূর্ণ উৎসর্গ করাকে দেবোত্তর বলা হয়। |
| বায়তুল মাল | ♦ ইসলামী রাষ্ট্রের রাষ্ট্রীয় কোষাগার বায়তুল মাল হিসেবে পরিচিত।<br>♦ বায়তুল মালের শাব্দিক অর্থ হলো সম্পদাগার। |

## আরো জানতে হবে

- পেশাদার সমাজকর্মের মূল বিষয় হলো- সমাজসেবা।
- রাজা রামমোহন রায়ের নেতৃত্বে গড়ে উঠা আন্দোলনের ফলে লর্ড বেন্টিংক ১৮২৯ সালের ৪ ডিসেম্বর আইন জারি করে সতীদাহ দণ্ডনীয় অপরাধ বলে ঘোষণা করেন।
- মানুষের পরস্পর সম্পর্কযুক্ত চাহিদা পূরণে গৃহীত কার্যক্রমের সমন্বয়ে গঠিত সুসংগঠিত ব্যবস্থা হলো- সমাজকল্যাণ।
- সমাজকল্যাণ হলো- বিজ্ঞান বা পেশা নয় বরং কোন দেশের সামগ্রিক কল্যাণমূলক সেবা প্রদান ব্যবস্থা বা সিস্টেম।
- সমাজকর্ম হলো- একটি ব্যবহারিক বিজ্ঞান ও পেশা।
- বৃহত্তর সমাজকল্যাণ সিস্টেমের একটি উপাদান হলো- সমাজকর্ম।
- প্রত্যয় হলো- বহুমুখী বিভিন্ন ঘটনার সংক্ষিপ্ত প্রতিনিধি।



CamScanner

## অনুশীলনী

01. কি মানব সমাজকে ব্যাপক পরিবর্তন করে-
A. ১ম বিশ্বযুদ্ধ B. ২য় বিশ্বযুদ্ধ
C. শিল্প বিপ্লব D. বলশেভিক বিপ্লব

02. সমাজকল্যাণ দর্শনের ভিত্তি কি-
A. দানশীলতা B. ক্ষমাশীলতা
C. পরোপকারিতা D. মানবকল্যাণ

03. প্রতিটি ধর্মে কোন কথাটি আছে-
A. দানশীলতা B. ক্ষমাশীলতা
C. পরোপকারিতা D. মানবকল্যাণ

04. কোন ধর্ম মানুষকে সৃষ্টির শ্রেষ্ঠ জীব বলেছে-
A. ইসলাম B. বৌদ্ধ
C. হিন্দু D. খ্রিষ্টান

05. হিন্দু ধর্ম অনুসারে দান প্রথা কয় ভাবে বিভক্ত-
A. দুই B. তিন
C. চার D. পাঁচ

06. সার্বজনীন মানব প্রেমের প্রবক্তা কে-
A. স্বামী বিবেকানন্দ B. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
C. রবীন্দ্রনাথ ঠাকুর D. ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর

07. "অহিংসা পরম ধর্ম" কোন ধর্মের মূলমন্ত্র-
A. ইসলাম B. খ্রিষ্টান
C. বৌদ্ধ D. হিন্দু

08. পেশা ও বৃত্তির মূল সাদৃশ্য হলো, উভয়ই---
A. জীবিকা অর্জনের পন্থা
B. নীতি ও মূল্যবোধ মেনে চলে
C. দায়িত্ব ও জবাবদিহিতার আওতাধীন
D. বিশেষ জ্ঞান ও নৈপুণ্যসম্পন্ন

09. পরিবারকে Human nursery কে বলেছে?
A. কুলী B. লিনটন
C. ম্যাকাইভার D. পেজ

10. ধর্মীয় চেতনা-
A. নিজেকে আলাদা করতে শেখায়
B. মানবতার কথা বলে
C. জাতিগতভাবে বিভক্ত করে D. উন্নয়নের কথা বলে

11. সমাজের প্রধান এবং সর্বোচ্চ সংগঠন কোনটি?
A. সমাজ B. রাষ্ট্র
C. পরিবার D. বিবাহ

উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | C | 02 | D | 03 | D | 04 | A | 05 | A |
| 06 | A | 07 | C | 08 | A | 09 | A | 10 | B |
| 11 | B | | | | | | | | |

12. অধ্যাপক গার্নারের মতে রাষ্ট্রের উপাদান কয়টি?
A. পাঁচটি B. তিনটি
C. দুইটি D. চারটি

13. রাষ্ট্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান কোনটি?
A. জনসমষ্টি B. সরকার
C. সার্বভৌমত্ব D. নির্দিষ্ট ভূখণ্ড

14. বর্তমান বিশ্বে সমাজকল্যাণের কয়টি ধারা আছে?
A. দুইটি B. চারটি
C. তিনটি D. পাঁচটি

15. বাংলায় ফরায়েজি আন্দোলনের উদ্যোক্তা (সূচনাকারী) কে ছিলেন?
A. শাহ ওয়ালীউল্লাহ B. হাজী শরীয়তউল্লাহ
C. পীর মহসীন D. তিতুমীর

16. 'জমি থেকে খাজনা আদায় আল্লাহর আইনের পরিপন্থি'- এটি কার ঘোষণা?
A. তিতুমীর B. ফকির মজনু শাহ
C. দুদু মিয়া D. হাজী শরীয়তউল্লাহ

17. ইস্ট ইন্ডিয়া কোম্পানির বিরুদ্ধে অস্ত্রধারণ করে প্রথম শহিদ হয়েছিলেন-
A. ফকির মজনু শাহ B. মঙ্গল পাণ্ডে
C. সৈয়দ নিসার আলি D. নেতাজি সুভাষ চন্দ্র বসু

18. তিতুমীরের দুর্গের মূল উপাদান কী ছিল?
A. ইট B. পাথর C. বাঁশ D. কাঠ

19. প্রথম স্বাধীনতা সংগ্রাম কোনটি?
A. তিতুমীরের বাঁশের কেল্লা B. জলিয়ানওয়ালাবাগের সংগ্রাম
C. অসহযোগ আন্দোলন D. সিপাহি বিপ্লব

20. ব্রিটিশ শাসনের বিরুদ্ধে বাঙালিদের প্রথম বিদ্রোহ-
A. ফকির ও সন্ন্যাসী বিদ্রোহ B. নীল বিদ্রোহ
C. আগস্ট (১৯৪২) বিদ্রোহ D. সিপাহি বিদ্রোহ

21. ফরায়েজি আন্দোলনের প্রধান কেন্দ্র ছিল-
A. ফরিদপুর B. শরীয়তপুর
C. খুলনা D. যশোর

22. বঙ্গের হাতেম তায়ী বলা হতো কাকে?
A. স্যার সৈয়দ আহমদ B. হাজী মুহম্মদ মহসিন
C. শেরে বাংলা D. কোনোটিই নয়

23. রাজা রামমোহন রায়কে 'রাজা' উপাধি কে দেন?
A. সম্রাট আকবর B. সম্রাট শাহজাহান
C. সম্রাট দ্বিতীয় আকবর D. কেউই নয়

উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 12 | D | 13 | C | 14 | A | 15 | B | 16 | C |
| 17 | C | 18 | C | 19 | D | 20 | A | 21 | A |
| 22 | B | 23 | C | | | | | | |



CamScanner

## পঞ্চম অধ্যায়: সমাজকর্মের সাথে জ্ঞানের বিভিন্ন শাখা এবং পেশা সম্পর্ক

- সমাজকল্যাণের মৌলিক উৎস- সমাজবিজ্ঞান।
- সমাজবিজ্ঞানের ব্যবহারিক দিককে বলা হয়- সমাজকল্যাণ।
- মানুষের আচরণ সম্পর্কিত বিজ্ঞানকে বলে- মনোবিজ্ঞান।
- উৎপত্তিগত অর্থে মনোবিজ্ঞান- মন বা আত্মার বিজ্ঞান।
- সমাজের সাধারণ বিজ্ঞান বলা হয়- সমাজবিজ্ঞানকে।
- সমাজকর্মের জন্ম- ইংল্যান্ডে।
- আধুনিক সমাজকর্ম পেশার পূর্ণাঙ্গ বিকাশ ঘটে- আমেরিকায়।
- আদিম মানুষের গোটা সংস্কৃতি যে বিজ্ঞানের অন্তর্ভুক্ত- নৃবিজ্ঞান।
- যেটির পরিধি সমাজকল্যাণ থেকেও বেশি- নৃবিজ্ঞানের।

## অনুশীলনী

01. নৃবিজ্ঞানের আলোচ্য বিষয় কোনটি?
A. মানবীয় আচরণ B. মানুষের অধিকার ও কর্তব্য
C. মানুষের অর্থ সংক্রান্ত দেনন্দিন কার্যাবলি
D. জীবসত্তা ও সামাজিক সত্তা

02. সমাজকল্যাণের সঙ্গে অধিকতর সম্পর্কিত দু'টি বিষয়-
A. সমাজবিজ্ঞান ও মনোবিজ্ঞান B. অর্থনীতি ও জীববিজ্ঞান
C. মনোবিজ্ঞান ও পরিবেশ বিজ্ঞান D. ভূগোল ও পরিসংখ্যান

03. মানুষের মাঝে কয়টি সত্ত্বা বিরাজমান?
A. দুইটি B. একটি C. তিনটি D. চারটি

04. আদিম মানুষের গোটা সংস্কৃতি কোন বিজ্ঞানের অন্তর্ভূক্ত ছিল?
A. সমাজবিজ্ঞান B. নৃ-বিজ্ঞান
C. মনোবিজ্ঞান D. কোনোটিই নয়

05. সমাজকল্যাণ জ্ঞানের মৌলিক উৎস কি?
A. পৌরনীতি B. অর্থনীতি
C. রাষ্ট্রবিজ্ঞান D. সমাজবিজ্ঞান

06. সমাজবিজ্ঞান কেমন বিজ্ঞাপন?
A. তাত্ত্বিক বিজ্ঞান B. গাণিতিক বিজ্ঞান
C. ব্যবহারিক বিজ্ঞান D. কোনোটিই নয়

07. কার জ্ঞান ছাড়া সামাজিক সমস্যা সমাধান ও নিয়ন্ত্রণ সম্ভব না?
A. পৌরনীতি B. অর্থনীতি
C. সমাজ বিজ্ঞান D. সমাজ কল্যাণ

08. অর্থনীতির অধিক গ্রহণযোগ্য সংজ্ঞা কে দিয়েছেন?
A. মার্শাল B. এল রবিন্স
C. ডাল্টন D. রিকার্ডো

09. এল.রবিন্সের সজ্ঞায় মানুষের কয়টি বৈশিষ্ট্য পাওয়া গেছে?
A. তিনটি B. দুইটি C. চারটি D. পাঁচটি

**উত্তরমালা**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | D | 02 | A | 03 | A | 04 | B | 05 | D |
| 06 | A | 07 | B | 08 | B | 09 | A | | |

## ষষ্ঠ অধ্যায়: সমাজকর্ম পদ্ধতি

সমাজকর্মে পদ্ধতি পরিভাষাটি নির্দিষ্ট সমস্যা সমাধানে নির্দিষ্ট হস্তক্ষেপ প্রক্রিয়া চিহ্নিত করার উদ্দেশ্য সমাজকর্মীরা বিশেষ করে শিক্ষায় নিয়োজিত সমাজকর্মীগণ ব্যবহার করে।

- সমাজকর্মের সমস্যা সমাধান প্রক্রিয়ায় মৌলিক পদ্ধতি এবং সহায়ক পদ্ধতি এ দু' ধরনের পদ্ধতি অনুশীলন করা হয়। পদ্ধতি দু'টি হলো-

**মৌলিক পদ্ধতি**

মৌলিক পদ্ধতি ৩ ভাবে বিভক্ত। যথা:

❶ ব্যক্তি সমাজকর্ম
❷ দল সমাজকর্ম
❸ সমষ্টি সংগঠন

**সহায়ক পদ্ধতি**

সহায়ক পদ্ধতিগুলো ৩ ভাবে বিভক্ত। যথা:

❶ সমাজকর্ম প্রশাসন
❷ সমাজকর্ম গবেষণা
❸ সামাজিক কার্যক্রম

### ব্যক্তি সমাজকর্মের উপাদান

- ব্যক্তি
- সমস্যা
- স্থান বা প্রতিষ্ঠান
- পেশাদার প্রতিনিধি

### দল সমাজকর্মের চারটি উপাদান

- দল
- দল সমাজকর্ম প্রতিষ্ঠান
- দল সমাজকর্মী
- দল সমাজকর্ম প্রক্রিয়া

### আরো জানতে হবে

- ব্যক্তি সমাজকর্মের উপাদান- ৫টি।
- সমস্যাগ্রস্থ ব্যক্তিকে সমাজকর্মের ভাষায়- Client বলে।
- সাধারণভাবে সামাজিক দলগুলো- ছয় প্রকার।
- দল সমাজকর্মের অপরিহার্য উপাদান- সামাজিক দল।
- দল সমাজকর্মের মৌলিক নীতি- ১০টি।
- সমষ্টি সমাজকর্ম পদ্ধতির দিক আছে- ২টি।
- সমষ্টি সংগঠনের মূল কেন্দ্রবিন্দু হলো- সমষ্টি।
- সমষ্টি উন্নয়নের প্রধান উপাদান হলো- সমষ্টি।



CamScanner

## অনুশীলনী

**01. সমাজকর্ম পদ্ধতি কয়টি?**
A. ২ B. ৩
C. ৪ D. ৫

**02. 'Social Diagnosis' গ্রন্থের লেখক কে?**
A. Herbert Bisno B. W.A Eriedlander
C. Skidmore and Thackery
D. Mery Richmond

**03. ব্যক্তি সমাজকর্মের উপাদান কয়টি?**
A. ২ B. ৩
C. ৪ D. ৫

**04. পরিবার কোন দলের অন্তর্ভুক্ত?**
A. প্রাথমিক দল B. মাধ্যমিক দলে
C. বহিঃদল D. অনানুষ্ঠানিক দল

**05. কোন দলে 'আমরা অনুভূতি' (We Feeling) অত্যন্ত প্রকট থাকে?**
A. প্রাথমিক দল B. মাধ্যমিক দলে
C. বহিঃদল D. অনানুষ্ঠানিক দল

**06. সমাজকর্ম গবেষণার প্রথম ধাপ কোনটি?**
A. উদ্দেশ্য নির্ধারণ B. অনুমান গঠন
C. গবেষনা নকশা প্রণয়ন D. সমস্যা নির্বাচন

**07. সমস্যা সমাধান প্রক্রিয়ায় পদ্ধতি কত প্রকার?**
A. ২ B. ৪ C. ৩ D. ৬

**08. সমাজকর্মের মৌলিক পদ্ধতি কত ভাগে বিভক্ত?**
A. ৬ B. ৩ C. ৪ D. ৫

**09. দল সমাজকর্মের উপাদান কতটি?**
A. ৮টি B. ৫টি C. ৬টি D. ৩টি

| উত্তরমালা | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | A | 02 | D | 03 | D | 04 | A | 05 | A |
| 06 | D | 07 | A | 08 | B | 09 | B | | |

**10. সামাজিক নীতিকে সমাজসেবায় পরিণত করার প্রক্রিয়াকে কি বলে?**
A. সমাজকল্যাণ প্রশাসন B. সমাজকর্ম গবেষণা
C. সামাজিক কার্যক্রম D. একটিও না

**11. ব্যক্তি সমাজকর্মের উপাদান কতটি?**
A. ১০টি B. ৮টি
C. ৫টি D. ৬টি

**12. দল সমাজকর্মের মৌলিক নীতি কয়টি?**
A. ১০টি B. ৬টি
C. ৪টি D. ৬টি ৮

**13. সমষ্টি সমাজকর্মের পদ্ধতি দিক কয়টি?**
A. ৮টি B. ২টি C. ৬টি D. ৪টি

**14. ব্যক্তি সমাজকর্ম মৌলিক পদ্ধতি হিসেবে স্বীকৃতি পায় কত সালে?**
A. ১৯১০ B. ১৯৩০ C. ১৯৫০ D. ১৯২০

**15. দল সমাজকর্ম মৌলিক পদ্ধতি হিসেবে স্বীকৃতি পায় কত সালে?**
A. ১৯৩০ B. ১৯২০ C. ১৯৪০ D. ১৯১০

**16. জাতিসংঘ সমষ্টি উন্নয়নের নীতি নির্ধারণ করে কত সালে?**
A. ১৯৪৭ B. ১৯৬৭ C. ১৯৫৫ D. ১৯৫৭

**17. জাতিসংঘ সমষ্টি উন্নয়নের কয়টি উপাদানের কথা বলেছে?**
A. ৮টি B. ২টি C. ৬টি D. ৪টি

**18. বাংলাদেশে ব্যক্তি সমাজকর্মের বাস্তব প্রয়োগের সূচনা হয় কার মাধ্যমে?**
A. শহর সমাজসেবা B. গ্রামীণ সমাজসেবা
C. হাসপাতাল সমাজসেবা D. সবকটি

**19. সমষ্টি সংগঠন পদ্ধতি প্রয়োগের মডেল কতটি?**
A. ৫টি B. ৪টি C. ৬টি D. ৩টি

| উত্তরমালা | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 10 | A | 11 | C | 12 | A | 13 | B | 14 | D |
| 15 | A | 16 | D | 17 | B | 18 | C | 19 | D |

## সপ্তম অধ্যায়: সামাজিক নীতি ও পরিকল্পনা এবং সমাজকর্ম

সমাজকল্যাণ নীতি হলো বৃহত্তর সামাজিক নীতির একটি অংশ। সমাজকল্যাণ নীতি হলো সামাজিক নীতি উপসেট। সমাজকল্যাণ নীতির যৌক্তিক ভিত্তি হলো সীমিত সম্পদ, অপুষ্টি চাহিদা, সামাজিক বৈষম্য এবং ঐক্যের অভাব।

### সামাজিক নীতি প্রণয়ন প্রক্রিয়া

সামাজিক নীতি প্রণয়ন প্রক্রিয়ার গুরুত্বপূর্ণ দু'টি পর্যায় হলো নীতি প্রণয়ন যার জন্য বিশেষ প্রজ্ঞা ও জ্ঞানীয় দক্ষতা প্রয়োজন। অন্যটি হলো নীতি বাস্তবায়ন পরিকল্পনা, যার জন্য প্রধানত সাংগঠনিক এবং প্রশাসনিক বিষয়াদি সংশ্লিষ্ট বাস্তব দক্ষতার প্রয়োজন। নীতি প্রণয়ন প্রক্রিয়ার সুনির্দিষ্ট কতগুলো ধাপ রয়েছে। ধাপগুলো হলো-






CamScanner

## পরিকল্পনা

অদৃষ্টবাদিতার বিপরীত দর্শন হলো পরিকল্পনা। পরিকল্পনা হচ্ছে কাজ করার পূর্বে চিন্তা এবং অনুমান অপেক্ষা তথ্যের আলোকে কাজ করার একটি সুশৃঙ্খল পদ্ধতি। কোন লক্ষ্যার্জনের সুশৃঙ্খল এবং সুব্যবস্থিত প্রস্তুতি হলো পরিকল্পনা।

### আরো জানতে হবে

- সমাজকর্ম হলো- একটি ব্যবহারিক বিজ্ঞান।
- মানবিক গুণাবলি বিকাশের উত্তম পদ্ধতি হলো- গণতান্ত্রিক মূল্যবোধের যথাযথ অনুশীলন।
- যে সমাজ তত বেশি সুশৃঙ্খল যে সমাজ- সামাজিক দায়িত্ব সচেতন।
- স্বাবলম্বন অর্জনে বিকল্প নেই- সম্পদের সদ্ব্যবহার।
- লক্ষ্য অর্জনের পথ নির্দেশিকা হলো- নীতি।
- সমাজকর্মের মূল্যবোধ ভিত্তি রচনা করে- পেশাগত সম্পর্কের।
- সর্বশেষ জাতীয় শিশু নীতি প্রণীত হয়- ২০১১ সালে।
- জাতীয় নারী উন্নয়ন নীতি প্রণীত হয়- ২০১১ সালে।
- বাংলাদেশে সর্বশেষ শিক্ষা নীতি প্রণীত হয়- ২০১০ সালে।
- যে জাতি মর্যাদাহীন- শ্রমবিমুখ জাতি।
- সামাজিক দায়িত্ববোধ হলো- সমাজের প্রতি মানুষের কর্তব্য পালনের অনুভূতি।
- সভ্যতার দর্পণ হলো- গ্রন্থাগার।
- IFSW এর পূর্ণরূপ- International Federation of Social Workers.
- NPC এর পূর্ণরূপ-National Productivity Council.

## অনুশীলনী

01. বাংলাদেশের জাতীয় শিক্ষা নীতি কত সালে প্রণীত হয়?
A. ২০০৮ B. ২০১০
C. ২০১১ D. ২০১২

02. বাংলাদেশের জনসংখ্যানীতি কত সালে প্রণীত হয়?
A. ২০০৮ B. ২০১০
C. ২০১১ D. ২০১২

03. জাতীয় নারী উন্নয়ন নীতি কত সালে প্রণীত হয়?
A. ২০০৪ B. ২০০৮
C. ২০১০ D. ২০১১

04. জাতীয় শিশু নীতি, ২০১১ অনুসারে শিশুর সর্বোচ্চ বয়স কত?
A. ১৩ B. ১৪
C. ১৬ D. ১৮

05. IFSW কি?
A. আন্তর্জাতিক সমাজকর্মী ফেডারেশন
B. আন্তর্জাতিক পুলিশ ফেডারেশন
C. আন্তর্জাতিক পরিবেশ ফেডারেশন
D. কোনোটিই নয়

06. পেশাদার সমাজকর্মের সামগ্রিক প্রক্রিয়া ও কর্মপদ্ধতি যার ওপর কেন্দ্র করে গড়ে উঠেছে?
A. মূল্যবোধ B. ধর্মীয় বিশ্বাস
C. বুদ্ধিবৃত্তিক আদর্শ D. সবগুলো

07. সমাজকর্মের অনুশীলনে মূল্যবোধ কত প্রকার?
A. চার B. তিন
C. দুই D. পাঁচ

08. সমাজ গঠন ও পরিচালনার অপরিহার্য শর্ত কি?
A. স্বনির্ভরতা অর্জন
B. সামাজিক দায়িত্ববোধ
C. সম্পদের সদ্ব্যবহার
D. পারস্পারিক সহনশীলতা ও শ্রদ্ধাবোধ

09. সমাজকর্মের যাত্রা শুরু হয়?
A. এক শতাব্দী পূর্বে B. তিন শতাব্দী পূর্বে
C. দুই শতাব্দী পূর্বে D. কোনোটিই নয়

10. যার মাধ্যমে সমাজকর্মীরা ব্যক্তি স্বাতন্ত্রীকরণে সক্ষম হন?
A. স্বনির্ভরতা অর্জন B. আত্মনিয়ন্ত্রণের অধিকার
C. ব্যক্তি মর্যাদার স্বীকৃতি D. শ্রমের মর্যাদা দান

11. মানুষকে আত্মবিশ্বাসী করে তোলে কোনটি?
A. শ্রমের মর্যাদা B. ব্যক্তি মর্যাদার স্বীকৃতি
C. স্বনির্ভরতা অর্জন D. আত্মনিয়ন্ত্রণের অধিকার

12. সমাজে কয় ধরনের সনদ পাওয়া যায়?
A. তিন B. দুই
C. চার D. পাঁচ

13. স্বাবলম্বন অর্জনে যার বিকল্প নেই?
A. শ্রমের মর্যাদা দান B. স্বনির্ভরতা অর্জন
C. সম্পদের সদ্ব্যবহার D. সবকয়টি

**উত্তরমালা**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | B | 02 | D | 03 | D | 04 | D | 05 | A |
| 06 | A | 07 | B | 08 | D | 09 | C | 10 | C |
| 11 | D | 12 | B | 13 | C | | | | |



CamScanner

# অষ্টম অধ্যায়: সমাজকর্ম পেশার সমস্যা ও সম্ভাবনা

পেশাদার সমাজকর্মের বিকাশে মার্কিন যুক্তরাষ্ট্রের অবদান সবচেয়ে বেশি। ১৮৯৮ সালে প্রথমে মার্কিন যুক্তরাষ্ট্রে পেশাগত ব্যবহারিক সামাজিক বিজ্ঞান হিসেবে সমাজকর্ম শিক্ষা কার্যক্রম শুরু হয়। সমাজকর্মের সর্ববৃহৎ পেশাগত সংগঠন হলো আমেরিকার জাতীয় সমাজকর্মী সমিতি (National Association of Social Workers-NASW)।

## বাংলাদেশে সমাজকর্ম পেশার বিকাশে সমস্যা

- সনাতন দৃষ্টিভঙ্গি ও বিশ্বাস।
- দেশীয় উপকরণের অভাব।
- সমন্বয়ের অভাব।
- কার্যকরী পেশাগত সংগঠন গড়ে উঠেনি।

## আরো জানতে হবে

- সমাজকর্মীর মুখ্য দায়িত্ব হলো- চিহ্নিত বা সনাক্তকৃত সেবাগ্রহীতাকে গ্রহণ।
- যে কোনো পেশার অপরিহার্য বৈশিষ্ট্য হলো- পেশাগত সংগঠন।
- আধুনিক সমাজব্যবস্থার ফল হলো- আধুনিক সমাজকর্ম।
- পেশাদার সমাজকল্যাণ যে পদ্ধতি মেনে চলে- সুনির্দিষ্ট।
- সমাজকর্মের ওপর স্বল্পকালীন প্রশিক্ষণ কোর্স প্রথম চালু করা হয়- ঢাকার কায়েতটুলীতে।
- বাংলাদেশে পেশাদার সমাজকর্ম শিক্ষার যাত্রা শুরু হয়- ১৯৫৩।
- সমাজকর্ম সম্মেলন সংস্থার প্রধান অফিস- নিউইয়র্কে।
- চিকিৎসা পেশার মূল লক্ষ্য হলো- সুষ্ঠু স্বাস্থ্যসেবা প্রদান।
- পেশার প্রধান বৈশিষ্ট্য হলো- সুশৃঙ্খল জ্ঞান ও সে জ্ঞানের অনুশীলন।

## অনুশীলনী

**01. ১৯৫৩ সালে ঢাকায় সর্বপ্রথম কত মাসের প্রশিক্ষণের মাধ্যমে পেশাদার সমাজকর্মের ভিত্তি স্থাপিত হয়?**
A. ৩ B. ৪
C. ৫ D. ৬

**02. স্বেচ্ছামূলক সমাজকল্যাণের মূল চালিকা শক্তি কি?**
A. মানব প্রেম B. ধর্মীয় অনুশাসন
C. অনুপ্রেরণা D. সবকয়টি

**03. আধুনিক শিল্পসমাজের ক্রমবিকাশের জটিলতার ফলে সৃষ্টি হয়েছে কোন সমাজকর্মের?**
A. সনাতন সমাজকর্ম B. স্বেচ্ছাসেবী
C. পেশাদার সমাজকর্ম D. বেসরকারি সমাজকর্ম

**04. বাংলাদেশে সমাজকর্ম আজও পেশার মর্যাদা লাভ করেনি কেন?**
A. পেশাগত নৈতিক বিধিমালা নেই
B. সুশৃঙ্খল জ্ঞান ভান্ডারের অভাব
C. পেশাগত কর্মীর মানসম্মত যোগ্যতা নেই
D. সামাজিক স্বীকৃতি নেই

**05. সমাজকর্ম পেশা হিসেবে কোন দেশে প্রথম স্বীকৃতি লাভ করে?**
A. ভারত B. ইংল্যান্ড
C. অস্ট্রেলিয়া D. আমেরিকা

**06. কোন দেশে সমাজকর্মের ওপর একটি স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় রয়েছে?**
A. শ্রীলঙ্কা B. দক্ষিণ কোরিয়া
C. জাপান D. চীন

**07. সব পেশাদার ব্যক্তির জন্য যা জরুরী?**
A. তাত্ত্বিক জ্ঞান B. ব্যবহারিক জ্ঞান
C. গাণিতিক জ্ঞান D. A ও B

**08. আমেরিকায় চরম অর্থনৈতিক মন্দা দেখা দিয়েছিল?**
A. ১৯২১ B. ১৯২৯
C. ১৯৩৯ D. ১৯৪৯

**09. সমাজকর্মের পেশাগত শিক্ষার প্রথম প্রস্তাব উপস্থাপক কে করেন?**
A. ডয়েস B. গ্রীনউড
C. গার্ভিন D. উইকেনডেন

**10. ভারতের কোথায় পেশাগত সমাজকর্মের সূচনা হয়?**
A. কলকাতায় B. দিল্লিতে
C. চেন্নাইয়ে D. বোম্বেতে

**11. বাংলাদেশে পেশাগত সমাজকর্মের শিক্ষার সূচনা হয় কত সালে?**
A. ১৯৫৬ B. ১৯৫৩
C. ১৯৫৯ D. ১৯৬৬

**12. কত সালে সমাজকর্মের ওপর প্রথম আন্তর্জাতিক সম্মেলন হয় কোথায়?**
A. ১৯২০ B. ১৯২২
C. ১৯২৮ D. ১৯৩৮

**13. সমাজকর্মের ওপর প্রথম আন্তর্জাতিক সম্মেলন হয় কোথায়?**
A. শিকাগোতে B. প্যারিসে
C. বার্লিনে D. সিডনিতে

**14. কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে প্রথম সমাজকল্যাণ কলেজ ও গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়?**
A. ঢাকা বিশ্ববিদ্যালয় B. রাজশাহী বিশ্ববিদ্যালয়
C. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় D. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

**উত্তরমালা**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | A | 02 | D | 03 | C | 04 | D | 05 | D |
| 06 | C | 07 | D | 08 | B | 09 | A | 10 | D |
| 11 | B | 12 | C | 13 | B | 14 | A | | |



CamScanner